58

দৈনিক বাংলা

তারিখ ...23 MAR 1997 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ .....

পাঁচ শতাধিক বহিষ্কৃত

# এসএসসি ঃ নতুন প্রশ্নপত্রে গণিত পরীক্ষা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গুজবের কারণে আগের সব প্রশ্নপত্র বাদ দিয়ে শনিবার নতুন প্রশ্নপত্রের মাধ্যমে এসএসসি পরীক্ষার সাধারণ গণিত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

শিক্ষাবোর্ডের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানা গেছে সারাদেশে প্রশ্নপত্র ফাঁসের গুজবের কারণে সল্পতম সময়ের মধ্যে নতুন প্রশ্নপত্রের মাধ্যমে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

দু'একটি অপ্রীতিকর ঘটনা ছাড়া শনিবার সাধারণ গণিতের পরীক্ষা সারাদেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এসএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

হয়েছে।

দেশের বিভিন্ন স্থানে নকলের অভিযোগে ৫ শতাধিক ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সবশেষ প্রাপ্ত সংবাদ অনুযায়ী ঢাকা বোর্ডে বহিষ্কারের সংখ্যা সবচেয়ে বেশী। এই বোর্ডের ৮টি জেলায় বহিষ্কারের সংখ্যা ২৯৬। এর মধ্যে টাঙ্গাইলে সবচেয়ে বেশী বহিষ্কারের ঘটনা ঘটেছে। এই বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৯১। এছাড়া জামালপুরে ৬১, শেরপুর ৪৪, ফরিদপুর ৩৯।

### নকল সরবরাহে বাধা দেয়ায় দু'জন পুলিশ আহত

টাঙ্গাইল থেকে ইউএনবি জানায়, বাসাইল পরীক্ষাকেন্দ্রে নকল সরবরাহে বাধা দিলে কতিপয় যুবক হামলা চালালে দু'জন পুলিশ কনস্টেবল আহত হয়েছেন। আহত কনস্টেবলদ্বয় হচ্ছেন রফিকুল ইসলাম ও মোয়াজ্জেম হোসেন। ঘটনাটি ঘটেছে বাসাইল থানার গোবিন্দ সরকারী উচ্চ বিদ্যালয়ে। আহতদের টাঙ্গাইল সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ ঘটনাস্থল থেকে শফিকুল ইসলাম নামের এক যুবককে গ্রেফতার করেছে। এ ব্যাপারে বাসাইল থানায় একটি পুলিশ বাদী মামলা হয়েছে।